

কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ
KPB SCHOOL AND COLLEGE
Online Assignment ২০২০

শ্রেণি- ১০ম

বিষয়- বাংলা ১ম পত্র

সময়- ২ ঘণ্টা

পূর্ণমান- ৫০

প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

১। জুনায়েদ সাহেব পেশায় একজন স্বনামধন্য চিকিৎসক। তিনি চিকিৎসা বিষয়ক গ্রন্থ ছাড়া কখনোই সাহিত্যের বই কেনেন না। কারন তিনি মনে করেন, সাহিত্যের বই পড়ে পেশাগত দক্ষতার উন্নয়ন সম্ভব নয়, শুধু অর্থ ও সময়ের অপচয়মাত্র।

ক. শিক্ষার সর্বপ্রধান অঙ্গ কোনটি? ১

খ. মনের দাবি রক্ষা না করলে মানুষের আত্মা বাঁচেনা কেন? বুঝিয়ে লেখ। ২

গ. “বই পড়া” প্রবন্ধে পেশাদার ভ্রান্তি বলতে লেখক যা বুঝিয়েছেন তা জুনায়েদ সাহেবের ক্ষেত্রে কিভাবে প্রযোজ্য – ব্যাখ্যা করো। ৩

ঘ. জুনায়েদ সাহেবের দৃষ্টিভঙ্গি যে যথার্থ নয় তা “বই পড়া” প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

২। নদী কভু পান নাহি করে নিজ জল

তরুগণ নাহি খায় নিজ নিজ ফল।

গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান,

কাষ্ঠ দগ্ধ হয়ে করে পরে অন্ন দান।

স্বর্ণ করে নিজ রূপে অপরে শোভিত,

বংশী করে নিজ সুরে অপরে মোহিত।

ক. বনফুল এর প্রকৃত নাম কি? ১

খ. চর্মরোগের অব্যর্থ মহৌষধ বলতে কি বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের সাথে নিমগাছ গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের সাথে “নিমগাছ” গল্পের সাদৃশ্য থাকলে ও “নিমগাছ” গল্পের বিষয়বস্তু আরও ব্যাপক-
উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৩। ঘূর্ণিঝড় আমফানে লণ্ডভণ্ড হয়ে যায় শরণখোলা গ্রাম। এতে গ্রামের মানুষ সবকিছু হারিয়ে পথে এসে দাঁড়ায়। চারদিকে সবাই দুমুঠো খাবারের জন্য হাহাকার করে। কিন্তু কোথাও কোনো খাবার নেই। এ সময়

একটি এনজিওর প্রতিনিধি হয়ে ত্রাণসামগ্রী নিয়ে এগিয়ে আসে আশফাক চৌধুরী। এই সহানুভূতির জন্য গ্রামের সবাই আশফাক চৌধুরীর কাজের প্রশংসা করে।

ক. মোল্লা সাহেব মুসাফিরকে কোথায় গিয়ে মরতে বলেছে? ১

খ. ‘ঐ মন্দির পূজারির, হায় দেবতা, তোমার নয়’-ভুখারির এমন অনুভূতির কারন কি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের অসহায় মানুষগুলোর সাথে ‘মানুষ’ কবিতার যে চরিত্রের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো ৩

ঘ. ‘মানুষ’ কবিতায় বর্ণিত “ধর্মীয় গুরুরা নয় বরং উদ্দীপকের আশফাক চৌধুরীই সমাজের আদর্শ হওয়া উচিত” – মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৪। ধর্ম ও দেশ রক্ষার নামে মুক্তিযুদ্ধের সময় কিছু সুবিধাবাদী লোক খান সেনাদের সমর্থন করে। তাদের চক্রান্তে এ দেশের অনেক মুক্তিযোদ্ধা ও বুদ্ধিজীবী অকালে শহীদ হয়। পক্ষান্তরে এ দেশে অনেক দেশপ্রেমিক ও ছিল। যারা পাকসেনা ও তার দোসরদের সকল পরিকল্পনা নস্যাত্ন করে দিত। প্রয়োজনে জীবন বাজি রেখেও তাদের বিরুদ্ধে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ত।

ক. বুধা দুঃখকে কি ভাবে? ১

খ. ‘নিজের বোঝা নিজে বইব’ – কথাটি কে এবং কেন বলেছিল? ২

গ. উদ্দীপকের সাথে ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের সাদৃশ্য তুলে ধর। ৩

ঘ. “প্রয়োজনে জীবন রেখেও তাদের বিরুদ্ধে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ত।” কাকতাড়ুয়া উপন্যাসের আলোকে উক্তিটির সত্যতা নিরূপণ করো। ৪

৫। নদীর একূল ভাঙে ওকূল গড়ে

এই তো ভবের খেলা

সকাল বেলা আমির রে তুই

ফকির সন্ধ্যাবেলা।

ক. সূর্যাস্ত আইন কত সালে প্রণীত হয়? ১

খ. ‘কথ্যভাষা মাঠ-ঘাটের ভাষা’ – কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের বক্তব্যের প্রতিফলন ‘বহিপীর’ নাটকের কোন চরিত্রে দেখা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. “উদ্দীপকটি ‘বহিপীর’ নাটকের যথার্থ প্রতিচ্ছবি নয়”- মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

**** বি: দ্র: প্রশ্নপত্রের যে কোন সমস্যায় বিষয় শিক্ষকের সঙ্গে যোগাযোগ করা যাবে। ****